



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ৭ই মে, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে দুইদিন ব্যাপী টিচিং লার্নিং এন্ড অ্যাসেসমেন্ট বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

রবিবার ও সোমবার সকাল সাড়ে ৯ ঘটিকায় ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সেমিনার কক্ষে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. আবদুল আউয়াল বিশ্বাসের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবির মাননীয় উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ এবং রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ আশরাফুল আলম, শাবির আর্কিটেকচার বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মাদ শামসুল আরেফিন ও কৌশিক সাহা।

এ সময় শাবির উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, শিক্ষক হওয়ার জন্য কিছু বিশেষ দক্ষতা থাকা দরকার। এই জন্য শিক্ষকদের প্রশিক্ষণ অনেক গুরুত্বপূর্ণ। টিচিং লার্নিং কর্মশালার ফলে শিক্ষকদের গুণগত মান অনেক বৃদ্ধি পাবে। শিক্ষকদের প্রশিক্ষণের জন্য বিশ্ববিদ্যালয়ে সেন্টার অফ এক্সিলেন্স ফর টিচিং এন্ড লার্নিং (সিইটিএল) প্রতিষ্ঠিত হবে। তাই যতদিন না সিইটিএল প্রাতিষ্ঠানিক রূপ পায়, ততদিন পর্যন্ত আইকিউএসি সিইটিএল এর কাজ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

একটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নের জন্য শিক্ষকদের মধ্যে সুসম্পর্ক বজায় রাখা অত্যাাবশ্যিক। আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস শিক্ষকদের মধ্যে সুসম্পর্ক বজায় রাখার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন।

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)

পরিচালক, আইকিউএসি

শাবিপ্রবি, সিলেট-৩১১৪।